



ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) প্রস্তাবিত পাম্প মোটরের আলোকে তৈরিকৃত টেকনিক্যাল স্পেসিফিকেশন।
- (৫) ডিওয়াটারিং পাম্প মোটর ও তৎসংশ্লিষ্ট সেবা ক্রয় কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Supply of different capacity sewage dewatering pump motor set with related services for different SLSs under PSTP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইন হয়ে পরিশোধিত পানি কালেকটিং চেম্বারের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার ঢাকা ওয়াসার প্রথম ও সবচেয়ে পুরাতন প্ল্যান্ট। উক্ত পয়ঃ শোধনাগার হতে বর্তমানে লিফট পাম্প, ব্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্র সহ (এস.এল.এস) নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হচ্ছে। বিদ্যমান এস.এল.এস গুলোর অধিকাংশতেই বিভিন্ন সাইজের সাবমারসিবল ডিওয়াটারিং পাম্প মোটর রয়েছে। পাম্প মোটরগুলো ২৪ ঘন্টাই চালু থাকে। কোন ত্রুটির কারনে পাম্প মোটর গুলো বন্ধ/অকেজো/জ্বলে গেলে সংশ্লিষ্ট এলাকার পয়ঃ সিস্টেমে ওভার ফ্লো দেখা দেয়। সেই কারনে পাম্প মোটরগুলো সার্বক্ষণিক চালু রাখতে হয়। বিদ্যমান ডি-ওয়াটারিং পাম্প মোটরগুলো একাদিকবার মেরামত ও রক্ষণাবেক্ষণ এর মাধ্যমে চালু রাখা হচ্ছে। বর্তমানে সচল পাম্প মোটর গুলোর বিপরীতে কোন স্পেয়ার পাম্প মোটর মজুদ সীমিত। দীর্ঘদিন ধরে চালু থাকায় পাম্প মোটর গুলোর লাইফটাইমও শেষ হয়ে গিয়েছে। একাদিকবার মেরামতের ফলে পারফরমেন্স সন্তোষজনক পাওয়া যাচ্ছে না। প্রায়শই মোটর জ্বলে যায় ও পাম্প সাইডে ত্রুটি দেখা দিচ্ছে। তাই সংশ্লিষ্ট এলাকার পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা স্বাভাবিক রাখার লক্ষ্যে বিভিন্ন সাইজের নতুন সাবমারসিবল ডিওয়াটারিং পাম্প মোটর, পাইপ ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Supply of different capacity sewage dewatering pump motor set with related services for different SLSs under PSTP" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,৯৭,২৪০.০০(চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার দুইশত চল্লিশ) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের সংশোধিত রাজস্ব বাজেট বরাদ্দের "পাম্প ক্রয়" (কোড ০১-০৪-০২২) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত সংশোধিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১৫; প্যাকেজ নং- GP1 হতে নির্বাহ করা হবে।

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াশা।